৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 28 FEB 1997
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# জাতীয় গ্রন্থকেন্দ্রে অচলাবস্থা

ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয় গ্রন্থকেন্দ্রে অচলাবস্থা দেখা দিয়াছে। কেন্দ্রের পরিচালক ওসমান গনির পদত্যাগের দাবীতে ৫১ জন কর্মকর্তা-কর্মচারী পদত্যাগ করায় গতকাল (বৃহস্পতিবার) কেন্দ্রে কোন কাজ হয় নাই। এদিকে পদত্যাগপত্র নিয়া বিরূপ মন্তব্য শোনা গিয়াছে। একটি সূত্র জানায়, জাতীয় গ্রন্থকেন্দ্রের মোট ৮০ জন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ৫১ জন গত বুধবার পদত্যাগ করিয়াছে বলিয়া দাবী করা হইলেও অনেকের সম্মতি ছাড়াই পদত্যাগপত্রে নাম সংযোজন করা হইয়াছে। পরিচালকের মন্তব্য, গতকাল ১৫/১৬ জন কর্মকর্তা কর্মচারী তাহার নিকট লিখিতভাবে জানাইয়াছেন তাহারা পদত্যাগ করেন নাই। জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালকের প্রতি পদত্যাগকারীদের অভিযোগ 'পরিচালক বদমেজাজী এবং অন্যায়ভাবে বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু করিয়াছেন। এই ব্যাপারে পরিচালক ওসমান গণি বলেন, আমার সম্বন্ধে অহেতুক বিদ্বেষ ছড়ানো হইতেছে।

এদিকে জাতীয় গ্রন্থকেন্দ্রের সাম্প্রতিক পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়া ৫৩টি প্রকাশনা প্রতিষ্ঠান গতকাল এক যুক্ত বিবৃতিতে কেন্দ্রের

(১৫শ পৃ: ৬-এর ক: দ্র:)

## জাতীয় গ্রন্থকেন্দ্রে

(শেষ পৃ: পর)

পরিচালকের ভূমিকার নিন্দা করিয়াছে।

এদিকে গতকাল রাতে একটি সূত্র জানায়, দুই-একদিনের মধ্যে জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক পদে পরিবর্তন হইতে পারে। বাংলা একাডেমীর উপ-পরিচালক রশিদ হায়দার এই পদে নিয়োগ পাইতে পারেন বলিয়া সূত্রটি আভাষ দিয়াছে।